**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ৮ ডিসেম্বর ২০১৫, ২৪ অগ্রহায়ণ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নয়া রাষ্ট্রদূতের সাক্ষাৎকালে কাতারকে আরও জনশক্তি নেওয়ার আহ্বান রাষ্ট্রপতির
২। বিমানবন্দরের নিরাপত্তায় জিরো টলারেন্সের নির্দেশ প্রধানমন্ত্রীর
৩। অনুমোদন হল গাজীপুর ও রংপুর মহানগর পুলিশ আইনের খসড়া
৪। অ্যাকর্ড-অ্যালায়েন্সের কাজের মেয়াদ বাড়ানো হবে না : বাণিজ্যমন্ত্রী
৫। স্বাস্থ্য খাতের সাফল্যে বিশ্বব্যাংকের প্রশংসা
৬। গণতন্ত্র বিকাশে গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ : স্পিকার
৭। মহাসড়কের পাশের স্থাপনা সরাতে হাইকোর্টের নির্দেশ
৮। মামলা দ্রুত নিষ্পত্তিতে সাক্ষী সুরক্ষা আইন করার নির্দেশ হাইকোর্টের
৯। নোট বাছাইয়ের নির্দেশনা না মানলে অর্থদণ্ড : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন
১০। চিকিৎসাসেবা নিতেই বছরে ৬৪ লাখ মানুষ দরিদ্র হয়ে পড়ছে
: স্বাস্থ্যবিষয়ক সম্মেলনে গবেষণা তথ্য

চলমান পাতা/২

**১। নয়া রাষ্ট্রদূতের সাক্ষাৎকালে কাতারকে আরও জনশক্তি নেওয়ার আহ্বান রাষ্ট্রপতির**

বাংলাদেশ থেকে আরও জনশক্তি নিতে কাতারের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। বাংলাদেশে নিযুক্ত কাতারের নতুন রাষ্ট্রদূত আহমেদ বিন মোহাম্মেদ নাসের আল দোহালমি গতকাল ৭ ডিসেম্বর সোমবার বঙ্গভবনে তাঁর পরিচয়পত্র দিতে গেলে তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদীন এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৭), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**২। বিমানবন্দরের নিরাপত্তায় জিরো টলারেন্সের নির্দেশ প্রধানমন্ত্রীর**

দেশের বিমানবন্দরগুলোর নিরাপত্তা নিশ্চিত করতে জিরো টলারেন্স দেখানোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কেউ অবৈধভাবে বিমানবন্দরে প্রবেশের চেষ্টা করলে বা প্রবেশ করলে সঙ্গে সঙ্গে তাকে গ্রেফতার করে আইনের আওতায় আনারও নির্দেশ দিয়েছেন তিনি। গতকাল ৭ ডিসেম্বর সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে অনির্ধারিত এক আলোচনায় তিনি এ নির্দেশ দেন। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **নিউ এজ** (পৃ.৩,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

**৩। অনুমোদন হল গাজীপুর ও রংপুর মহানগর পুলিশ আইনের খসড়া**

গাজীপুর ও রংপুর মহানগর এলাকায় পুলিশি সেবা নিশ্চিত করতে দু'টি আইনের খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এ দু'টি আইন হলো-গাজীপুর মহানগর পুলিশ আইন ও রংপুর মহানগর পুলিশ আইন-২০১৫। গতকাল ৭ ডিসেম্বর সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ আইনের অনুমোদন দেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মন্ত্রিসভার সদস্য, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ও সংশ্লিষ্ট সচিবেরা এতে উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৪। অ্যাকর্ড-অ্যালায়েন্সের কাজের মেয়াদ বাড়ানো হবে না : বাণিজ্যমন্ত্রী**

বাংলাদেশে গার্মেন্টস কারখানা পরিদর্শনে সংস্কার দেখভাল করার লক্ষ্যে গঠিত জোট অ্যাকর্ড ও অ্যালায়েন্সের সময়সীমা ২০১৮ সালের পর আর বাড়ানো হবে না বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। গতকাল ৭ ডিসেম্বর সোমবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে গার্মেন্টস কারখানার অগ্নি ও ভবনের নিরাপত্তা সরঞ্জাম প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **প্রথম আলো** (পৃ.১২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৭)।

**৫। স্বাস্থ্য খাতের সাফল্যে বিশ্বব্যাংকের প্রশংসা**

বাংলাদেশের স্বাস্থ্য খাতে সাফল্যের প্রশংসা করেছেন সরকারের উন্নয়ন সহযোগী সংস্থা ইউএসএইড ও বিশ্বব্যাংকের প্রতিনিধিরা। একই সঙ্গে বাংলাদেশের এই সাফল্য ধরে রাখতে আগামীতেও সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দেন তারা। গতকাল ৭ ডিসেম্বর সোমবার সচিবালয়ে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিমের সঙ্গে স্বাক্ষাৎ করে প্রতিনিধি দলের সদস্যরা এই প্রশংসা করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ., ক.১), **সমকাল** (পৃ.৪,ক.৮)।

**৬। গণতন্ত্র বিকাশে গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ও কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সিপিএ) চেয়ারপার্সন ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, আমরা সংবিধান ও গণতন্ত্রের কথা বলি, কিন্তু গণতন্ত্র ও গণমাধ্যম অঙ্গাঙ্গিভাবে যুক্ত। গণতন্ত্রের বিকাশ, সাংবিধানিক শাসন ব্যবস্থা সমুন্নত রাখা ও কার্যকর সংসদ প্রতিষ্ঠায় গণমাধ্যমের ভূমিকা অপরিসীম। যেহেতু সংবাদের তথ্য ও বস্তুনিষ্ঠতা পাঠককে প্রভাবিত করে, সে কারণে তা জনমত সৃষ্টি ও জাতিগঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ঢাকা সাব-এডিটরস কাউন্সিলের (ডিএসইসি) ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গতকাল ৭ ডিসেম্বর সোমবার জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ডেইলি বাংলাদেশ অবজারভার** (পৃ.৩,ক.৬)।

চলমান পাতা/৩

**৭। মহাসড়কের পাশের স্থাপনা সরাতে হাইকোর্টের নির্দেশ**

সড়ক দুর্ঘটনা রোধে মহাসড়কের পাশের স্থাপনা সরাতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে মহাসড়কে নির্বিঘ্নে যান চলাচল ও দুর্ঘটনা রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সরকারকে নির্দেশ দেওয়া হয়েছে। এ বিষয়ে জারি করা রুলের শুনানি শেষে গতকাল ৭ ডিসেম্বর সোমবার বিচারপতি জিনাত আরা ও বিচারপতি এ কে এম শহীদুল হকের হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৬)। **জনকণ্ঠ, নিউ এজ, ডেইলি স্টার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৮। মামলা দ্রুত নিষ্পত্তিতে সাক্ষী সুরক্ষা আইন করার নির্দেশ হাইকোর্টের**

ফৌজদারি মামলা দ্রুত নিষ্পত্তির জন্য সাক্ষীর নিরাপত্তা ও আদালতে তার উপস্থিতি নিশ্চিতকরণে সাক্ষী সুরক্ষা আইন করার উদ্যোগ নিতে স্বরাষ্ট্র ও আইন মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। বিচারপতি এম ইনায়েতুর রহিম ও বিচারপতি আমির হোসেনের ডিভিশন বেঞ্চ ২০১০ সালে উত্তর যাত্রাবাড়ির রিংকু হত্যা মামলায় এক আসামির জামিন আবেদনের ওপর শুনানি শেষে গতকাল ৭ ডিসেম্বর সোমবার এই আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)। **যায়যায়দিন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯। নোট বাছাইয়ের নির্দেশনা না মানলে অর্থদণ্ড : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

যথাযথভাবে নোট বাছাই (সর্টিং) করে বাংলাদেশ ব্যাংকের জমা দেওয়ার নির্দেশনা মানছে না ব্যাংকগুলো। নতুন, পুরনো, ছেঁড়া, ফাটা সব নোটের ক্ষেত্রেই এ অনিয়ম দেখা যাচ্ছে। ফলে ঝামেলায় পড়তে হচ্ছে কেন্দ্রীয় ব্যাংকের নোট পরীক্ষার সঙ্গে যুক্ত কর্মকর্তাদের। এমন অবস্থায় ব্যাংকগুলোকে তিনভাগে বিভক্ত করে নোট জমার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। এ নির্দেশনা না মানলে সংশ্লিষ্ট ব্যাংককে নেগেটিভ পয়েন্টের ওপর ভিত্তি করে অর্থদণ্ডে দণ্ডিত করবে কেন্দ্রীয় ব্যাংক। গতকাল ৭ ডিসেম্বর সোমবার কেন্দ্রীয় ব্যাংকের কারেন্সি ম্যানেজমেন্ট বিভাগ থেকে এমন নির্দেশনা দিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৮), **ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.২), **নিউ এজ** বিজনেস (পৃ.৪,ক.৫)।

**১০। চিকিৎসাসেবা নিতেই বছরে ৬৪ লাখ মানুষ দরিদ্র হয়ে পড়ছে**
**: স্বাস্থ্যবিষয়ক সম্মেলনে গবেষণা তথ্য**

চিকিৎসাসেবা নিতে গিয়ে বাংলাদেশে প্রতি বছর প্রায় ৬৪ লাখ মানুষ দরিদ্র হয়ে পড়ছে। বাংলাদেশে যথেষ্টসংখ্যক স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান, চিকিৎসক ও অন্যান্য কর্মী থাকলেও নাগরিকরা প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা পাচ্ছে না। একই সঙ্গে বহু মানুষ ক্যান্সার ও কিডনি বিকল হওয়ার মতো রোগের চিকিৎসা ব্যয় মেটাতে পারছে না। গতকাল ৭ ডিসেম্বর সোমবার ঢাকার আইসিডিডিআরবি'তে শুরু স্বাস্থ্যবিষয়ক বৈজ্ঞানিক সম্মেলনে এ তথ্য জানানো হয়। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো** : আসন্ন পৌরসভা নির্বাচনে সংরক্ষিত নারী কাউন্সিলর প্রার্থীদের জন্য নির্বাচন কমিশন চুড়ি, চকলেট, পুতুলসহ যে প্রতীক বরাদ্দ দিয়েছে তা বৈষম্যমূলক ও অবমাননাকর হওয়ায় অবিলম্বে এ নির্বাচনী প্রতীকগুলো বাতিল করার কোনো বিকল্প নেই বলে মন্তব্য;

খ. **ইত্তেফাক, সংবাদ, ইনকিলাব, ডেইলি স্টার, নিউ নেশন** : জাফলং এর পিয়ান, ডাউকি ও ধলাই নদীতে বোমা মেশিন বসিয়ে ক্রমাগত পাথর উত্তোলনের কারণে এগুলো মরা নদীতে পরিণত হচ্ছে উল্লেখ করে মারাত্মক পরিবেশ বিপর্যয় থেকে জাফলংকে রক্ষায় নিয়মতান্ত্রিকভাবে পাথর ও বালু উত্তোলনের পরামর্শ;

গ. **জনকণ্ঠ** : সব ধরনের নিরাপত্তা নিশ্চিত করে ফেসবুক চালু করার সুপারিশ;

ঘ. **সংবাদ** : বাংলাদেশ রেলওয়ের চার হাজার ৩৯১ একর জমি অবৈধ দখলে রয়েছে উল্লেখ করে এসব বেদখল হওয়া জমি উদ্ধারে রেলের দুর্নীতিগ্রস্ত প্রশাসনকে আগে ঢেলে সাজানোর ওপর গুরুত্বারোপ;

ঙ. **ইনকিলাব** : নাগরিকদের জানমালের নিরাপত্তায় দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতিতে মনোযোগী হওয়ার সুপারিশ;

চলমান পাতা/৪

চ. **ডেইলি স্টার :** রাজধানীর ফুটপাত হকারদের দখলমুক্ত করে তাদের অন্যত্র ব্যবসার সুযোগ করে দেওয়ার সুপারিশ;

ছ. **ইন্ডিপেনডেন্ট :** দিনাজপুরের কাহারোল উপজেলায় কান্তজিউ মন্দির চত্বরে পর পর তিনটি বোমা বিস্ফোরণে ১০ জন আহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের জঙ্গি তৎপরতা দমনে আইনের কঠোর প্রয়োগের পাশাপাশি ব্যাপক জনসচেতনতা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ;

জ. **নিউ এজ :** উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা শেষ করার আগেই নারী শিক্ষার্থী ঝরে পড়ার জন্য পৃথক স্বাস্থ্যসম্মত টয়লেটের অভাবও দায়ী উল্লেখ করে নারী শিক্ষার্থীদের জন্য পৃথক শৌচাগারের ব্যবস্থা করার সুপারিশ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে মেধাবী শিক্ষকরাই পারেন মেধাবী ছাত্র তৈরি করতে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'পাটজাত দ্রব্য ব্যবহারের উদ্যোগ'** শিরোনামের নিবন্ধে মীর আবদুল আলীম পাটের বাজার সম্প্রসারণের প্রতি গুরুত্ব দিয়ে পাটজাত পণ্য রফতানির পাশাপাশি অভ্যন্তরীণ ব্যবহারের নতুন নতুন ক্ষেত্র সন্ধান করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা